

## বর্ডার গার্ড বাংলাদেশ ও রাশিয়ান হেলিকপ্টারস এর মধ্যে প্রশিক্ষণ সংক্রান্ত চুক্তি সম্পাদন।



**তারিখ : ০৮ জুন ২০১৯**

গত ১৮ ডিসেম্বর ২০১৮ তারিখে বর্ডার গার্ড বাংলাদেশ ও রাশিয়ান হেলিকপ্টারস এর মধ্যে ০২টি অত্যাধুনিক হেলিকপ্টার সরবরাহের চুক্তি সম্পাদিত হয়। সর্বাধুনিক প্রযুক্তির অটোপাইলট যুক্ত এই হেলিকপ্টারসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য বিজিবি'র পাইলট, ফ্লাইট ইঞ্জিনিয়ার ও টেকনিক্যাল স্টাফদের বিশেষায়িত প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে বর্ডার গার্ড বাংলাদেশ ও রাশিয়ান হেলিকপ্টারস এর মধ্যে রাশিয়ার রাজধানী মস্কোতে রাশিয়ান হেলিকপ্টারস এর সদর দপ্তরে ৩০ মে ২০১৯ তারিখে একটি প্রশিক্ষণ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বিজিবি'র পক্ষে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোঃ সাফিনুল ইসলাম, এনডিসি, পিএসসি (Major General Md Shafeenul Islam, ndc, psc) এবং রাশিয়ান হেলিকপ্টারস এর ডিরেক্টর সেলস আরটেম ফেটিসভ (Artem Fetisov) চুক্তিতে স্বাক্ষর করেন।

চুক্তি অনুযায়ী রাশিয়ান হেলিকপ্টারস কর্তৃক বিজিবি'র পাইলট, ফ্লাইট ইঞ্জিনিয়ার ও টেকনিক্যাল স্টাফদেরকে অত্যাধুনিক প্রযুক্তির হেলিকপ্টার পরিচালনা ও রক্ষণাবেক্ষণের বিষয়ে রাশিয়ার উলান-উদে'তে (Ulan-Ude) অবস্থিত এভিয়েশন ট্রেনিং সেন্টার ও বাংলাদেশে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ ও রাশিয়ান হেলিকপ্টারস এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।